

## অসত্য তথ্য দিয়ে এমপিওভুক্ত হলে আদেশ বাতিল : শিক্ষামন্ত্রী



### নিজস্ব প্রতিবেদক

২৮ অক্টোবর ২০১৯ ০০:০০ | আপডেট: ২৮ অক্টোবর ২০১৯ ০১:৩৪ অসত্য তথ্য দিয়ে এমপিওভুক্ত হলে এমপিওভুক্তির আদেশ কার্যকর হবে না এবং অসত্য তথ্য প্রদানকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থাগ্রহণ করা হবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। গতকাল নীলক্ষেত্রে ব্যানবেইসের সম্মেলনকক্ষে শিক্ষা প্রতিষ্ঠানের এমপিওভুক্তির বিষয়ে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এসব কথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, এমপিওভুক্তির জন্য স্বীকৃতি একটি অন্যতম শর্ত। কোনো কোনো ক্ষেত্রে নিজস্ব ভবন না থাকলেও নির্ধারিত সময়ের মধ্যে শিক্ষাক্রম নিজস্ব ভবনের মধ্যে পরিচালনা করা হবে বলে শর্তারোপ করা হয়। কেউ যদি এ শর্ত পালন না করে থাকে, তা হলে যাচাই করে উল্লিখিত শর্তানুযায়ী ব্যবস্থা নেওয়া হবে। তিনি বলেন, এমপিওভুক্ত কয়েকটি প্রতিষ্ঠানের বিষয়ে কথা উঠেছে। কাজটি দীর্ঘসময় নিয়ে করা হয়েছে।

advertisement